# 2020

## FINANCIAL ACCOUNTING-II — GENERAL

**Paper : CC-3.1 Cg**

**Full Marks : 80**

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

**বিভাগ - ক**

*যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও।

১। ইউনিভার্সাল লিমিটেড-এর কলকাতাতে প্রধান কার্যালয় এবং হলদিয়াতে একটি শাখা আছে। প্রধান কার্যালয় কর্তৃক যাবতীয় পণ্য ক্রয় করা হয় এবং ক্রয়মূল্যের উপর 25% যুক্ত করে শাখায় পণ্য চালান করা হয়ে থাকে। প্রধান কার্যালয়ের ব্যাংক-এর হলদিয়াস্থ শাখা কার্যালয়ে প্রধান কার্যালয়ের হিসাবে শাখা কর্তৃক প্রাপ্ত যাবতীয় অর্থ জমা দেওয়া হয়। শাখা কার্যালয় দেনাদারদের একটি লেজার ও অন্যান্য প্রয়োজনীয় প্রাথমিক হিসাবের বই রাখে, কিন্তু শাখার অন্যান্য লেনদেনগুলি প্রধান কার্যালয়ের বইতে লিপিবদ্ধ করা হয়। 2019 সালের 31শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বৎসরের জন্য শাখা-সংক্রান্ত নিম্নলিখিত তথ্যাবলি সংগৃহীত হল ঃ

| | ₹ |
|---|---|
| Stock at Branch (01.01.2019) (Cost Price) | 96,000 |
| Stock at Branch (31.12.2019) (Cost Price) | 80,000 |
| Goods received from Head Office (Invoice Price) | 3,80,000 |
| Cash Sales | 2,16,000 |
| Credit Sales | 1,72,000 |
| Discount allowed to customers | 4,000 |
| Bad debts written off | 2,000 |
| Branch expenses paid | 22,800 |
| Branch Debtors (01.01.2019) | 1,000 |
| Branch Debtors (31.12.2019) | 3,000 |

প্রধান কার্যালয়ের বইতে শাখার Haldia Branch Account প্রস্তুত করো। ১০

২। গুপ্ত অ্যান্ড কোং লিঃ তার পেটেন্ট-পণ্য ভাড়া-ক্রয় শর্তে বিক্রয় করে। নিম্নে উল্লিখিত তারিখে হিসাবের জেরগুলি নিম্নরূপ ছিল ঃ

| | | ₹ |
|---|---|---|
| 2019 January 1 | Stock out on hire at Hire-Purchase Price | 60,000 |
| | Stock in hand (at the Shop) | 10,000 |
| | Instalment due (Customers still paying) | 6,600 |
| 2019 December 31 | Stock out on hire at Hire-Purchase Price | 40,000 |
| | Stock in hand (at the Shop) | 14,000 |
| | Instalment due (Customers still paying) | 7,200 |

গুপ্ত অ্যান্ড কোং লিঃ বইতে 31শে ডিসেম্বর, 2019 তারিখে সমাপ্ত বছরের জন্য ভাড়া-ক্রয় ট্রেডিং হিসাব প্রস্তুত করো, যদি উক্ত বৎসরের কিস্তি বাবদ 70,000 টাকা পাওয়া যায় এবং মোট লাভের হার বিক্রয়মূল্যের ওপর $33\frac{1}{3}\%$ হয়। ১০

৩। কলকাতার রমেশ অ্যান্ড সন্স-এর একটি বিভাগীয় বিপণিতে দুটি বিভাগ P এবং Q আছে। নিম্নলিখিত বিবরণী থেকে 31শে ডিসেম্বর, 2019 তারিখে সমাপ্ত বছরের জন্য একটি বিভাগীয় ট্রেডিং এবং লাভ-ক্ষতির হিসাব প্রস্তুত করো। ১০

| **বিবরণসমূহ** | **বিভাগ P** (₹) | **বিভাগ Q** (₹) |
|---|---|---|
| Stock as on 01.01.2019 | 40,000 | 25,000 |
| Purchase | 2,50,000 | 2,00,000 |
| Salaries | 60,000 | 45,000 |
| Wages | 30,000 | 30,000 |
| Sales | 4,50,000 | 3,50,000 |
| Other expenses | 10,000 | 10,000 |
| Machinery | 2,00,000 | 2,00,000 |
| Stock as on 31.12.2019 | 35,000 | 40,000 |

**অন্যান্য তথ্যসমূহ ঃ**

(ক) মোট প্রশাসনিক খরচ 10,000 টাকা যা বিক্রয়ের অনুপাতে বণ্টিত হবে

(খ) সাধারণ বিদ্যুতের খরচ 20,000 টাকা

(গ) P এবং Q বিভাগে যথাক্রমে 20টি এবং 30টি লাইট পয়েন্ট রয়েছে

(ঘ) যন্ত্রপাতির উপর বাৎসরিক অবচয়ের হার 20%।

৪। (ক) বিভাগীয় হিসাব প্রস্তুতকরণের উদ্দেশ্য আলোচনা করো।

(খ) নিম্নোক্ত পরোক্ষ খরচগুলি বিভিন্ন বিভাগের মধ্যে তুমি কীভাবে বণ্টন করবে?

(অ) Purchase manager’s salary

(আ) Insurance on machinery

(ই) Carriage outward

(ঈ) Discount received

(উ) Depreciation on building. ৫+৫

৫। (ক) বিনিয়োগ খতিয়ানের সুবিধাগুলি কী কী?

(খ) সুদ-সহ এবং সুদ-বাদে লগ্নিপত্রের ক্রয়-বিক্রয় বলতে তুমি কী বোঝো? ৫+৫

৬। 01 জানুয়ারি, 2019 তারিখে গারফিল্ড ইনভেস্টমেন্ট ট্রাস্ট-এর হাতে 25,000 টাকা ক্রয়মূল্যের 30,000 টাকার 8% সরকারি স্টক ছিল। 01 মার্চ, 2019 তারিখে সে সুদ-বাদে 91 টাকা দরে 12,000 টাকা মূল্যের স্টক ক্রয় করল। 15ই জুন, 2019 তারিখে সুদ-সমেত 93 টাকা দরে 5,000 টাকার স্টক বিক্রয় করল। 01 আগস্ট, 2019 তারিখে সুদ-বাদে 90 টাকা দরে 8,000 টাকা মূল্যের স্টক ক্রয় করল। 01 সেপ্টেম্বর, 2019 তারিখে সুদ-বাদে 94 টাকা দরে 4,000 টাকা মূল্যের স্টক বিক্রয় করল।

প্রতি বৎসর 31শে মার্চ এবং 30শে সেপ্টেম্বর সুদ প্রদেয় হয়।

অন্তমজুত লগ্নির মূল্যায়ন গড়মূল্য পদ্ধতিতে করা হয়েছে অনুমান করে 31শে ডিসেম্বর, 2019 তারিখে সমাপ্ত বৎসরে লগ্নির হিসাব প্রস্তুত করো। ১০

৭। মহিম এবং রহিম তাদের অংশীদারি ব্যাবসা একটি লিমিটেড কোম্পানির কাছে বিক্রি করল। 31শে ডিসেম্বর, 2020 তারিখে তাদের ব্যবসায়ের অবস্থা নিম্নরূপ ছিল ঃ

| | ₹ |
|---|---|
| Cash | 500 |
| Book Debts | 35,000 |
| Stock | 20,000 |
| Plant & Machinery | 14,500 |

দায়ের পরিমাণ ছিল 10,000 টাকা। অংশীদাররা 3 : 2 অনুপাতে লাভ-ক্ষতি বণ্টন করত এবং উদ্বর্তপত্রের তারিখে তাদের ব্যবসায়ে মূলধনের পরিমাণও সেই অনুপাতেই ছিল। নতুন লিমিটেড কোম্পানিটি অংশীদারি ব্যাবসার নগদ টাকা বাদে যাবতীয় সম্পত্তি গ্রহণ করে দায় পরিশোধে রাজি হল। কোম্পানির মূলধন ছিল প্রত্যেকটি 25 টাকা মূল্যের 10000 টি প্রেফারেন্স শেয়ার এবং প্রত্যেকটি 10 টাকা মূল্যের 25000 টি ইকুইটি শেয়ার। নিম্নলিখিত বিষয়গুলির ভিত্তিতে ক্রয়-প্রতিদান নির্ধারিত হল ঃ

(ক) দেনাদার 34,500 টাকা; (খ) মজুত পণ্য 19,000 টাকা; (গ) কলকবজা ও যন্ত্রপাতি 14,000 টাকা। ক্রয়-প্রতিদান মেটানো হবে— (অ) 1000 টি পূর্ণ আদায়ীকৃত প্রেফারেন্স শেয়ার; (আ) 2000 টি পূর্ণ আদায়ীকৃত ইকুইটি শেয়ার এবং (ই) অবশিষ্ট নগদ টাকায়।

কোম্পানি অবশিষ্ট প্রেফারেন্স শেয়ার এবং 15000টি ইকুইটি শেয়ার জনসাধারণের মধ্যে বিলি করল এবং সম্পূর্ণ অর্থ আদায় হল। অংশীদারদের বইগুলি তোমাকে বন্ধ করতে হবে। (ধরে নাও যে, বিক্রেতাকে প্রদেয় শেয়ারগুলি এবং ক্রয়-প্রতিদান সংক্রান্ত অবশিষ্ট টাকা নগদে প্রদত্ত হয়েছিল।) ১০

৮। (ক) A এবং B অংশীদার হিসাবে তাদের কার্যোপযোগী মূলধনের অনুপাতে লাভ-ক্ষতি বণ্টন করে। 01.01.2019 তারিখে তাদের মূলধন হিসাবে যথাক্রমে 1,00,000 টাকা এবং 60,000 টাকা ছিল। A অতিরিক্ত মূলধন হিসাবে 10,000 টাকা 01.04.2019 তারিখে এবং আরও 5,000 টাকা 01.07.2019 তারিখে প্রদান করে। 30.09.2019 তারিখে সে 40,000 টাকা তার মূলধন হিসাব হতে তুলে নেয়। B অতিরিক্ত মূলধন হিসাবে 20,000 টাকা 01.04.2019 তারিখে প্রদান করে। 31.12.2019 তারিখে সমাপ্ত বছরে মুনাফার পরিমাণ 34,275 টাকা।

কার্যোপযোগী মূলধনের অনুপাত নির্ণয় করো এবং অংশীদারদের মধ্যে লাভ-ক্ষতির বণ্টনের পরিমাণ নির্ধারণ করো।

(খ) কারবার অধিগ্রহণ সংক্রান্ত হিসাব-নিকাশের সময় কোম্পানি নিবন্ধনের পূর্বেকার মুনাফার ধারণাটি কী? এই মুনাফা হিসাবে কীভাবে ব্যবস্থা করা হয়? ৫+৫

## বিভাগ - খ

*যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও।

৯। (ক) কোনো অংশীদার গ্রহণের সময় অংশীদারি হিসাব-নিকাশকরণে সম্পত্তি সমূহের পুনর্মূল্যায়ন করা হয় কেন?

(খ) কোন কোন অবস্থায় একটি ফার্মের সুনামের মূল্যায়নের প্রয়োজন হয়?

(গ) অংশীদারি প্রতিষ্ঠানে (অ) নতুন অংশীদারের যোগদানের ক্ষেত্রে এবং (আ) অংশীদারের অবসরগ্রহণের ক্ষেত্রে সুনামের হিসাববদ্ধকরণ আলোচনা করো। ৫+৫+১০

১০। অমল এবং বিমল দুজন সমান অংশীদার ছিল। 2019 সালের 31শে ডিসেম্বর বিলোপসাধনের তারিখে তাদের উদ্বর্তপত্রটি নিম্নরূপ ছিল ঃ

| **Liabilities** | ₹ | **Assets** | ₹ |
|---|---|---|---|
| Creditors | 4,80,000 | Plant and Machinery | 1,60,000 |
| Bimal's Capital | 60,000 | Furniture and Fittings | 50,000 |
| | | Debtors | 60,000 |
| | | Stock | 1,20,000 |
| | | Cash | 25,000 |
| | | Amal's Capital | 1,25,000 |
| | **5,40,000** | | **5,40,000** |

বিলোপসাধনের তারিখে সম্পত্তিগুলি নিম্নলিখিত মূল্যে আদায় করা হল ঃ

| | |
|---|---|
| Plant and Machinery | ₹ 80,000 |
| Furniture and Fittings | ₹ 15,000 |
| Debtors | ₹ 45,000 |
| Stock | ₹ 25,000 |

সম্পত্তি আদায়করণের খরচ 26,000 টাকা। বিমলের ব্যক্তিগত সম্পত্তি তার ব্যক্তিগত দায় মেটানোর জন্য পর্যাপ্ত নয়, কিন্তু অমলের ব্যক্তিগত সম্পত্তির উদ্বৃত্ত 16,000 টাকা।

প্রতিষ্ঠানের হিসাবের বই বন্ধ করার জন্য প্রয়োজনীয় হিসাব প্রস্তুত করো। ২০

১১। বিজয় ও নীলয় একটি অংশীদারি কারবারে যথাক্রমে 60% এবং 40% হারে মুনাফা ভাগ করে। তাদের 31শে মার্চ, 2020 তারিখে উদ্বর্তপত্র নীচে দেওয়া হল ঃ

| Liabilities | | ₹ | Assets | ₹ |
|---|---|---|---|---|
| Creditors | | 40,000 | Cash at bank | 2,000 |
| *Capital Accounts* : | | | Debtors | 25,000 |
| Bijoy | 60,000 | | Stock | 40,000 |
| Nilay | 30,000 | 90,000 | Plant | 43,000 |
| | | | Premises | 20,000 |
| | | **1,30,000** | | **1,30,000** |

তারা ধীমানকে নতুন অংশীদার হিসাবে কারবারে অন্তর্ভুক্ত করে নিম্নলিখিত শর্তগুলি সাপেক্ষে ঃ

(ক) ধীমান ভবিষ্যৎ মুনাফার 40% ভাগের জন্য 20,000 টাকা তার মূলধন হিসাবে প্রদান করবে।

(খ) তার অংশীদারিতে যোগদানের পূর্বে, সম্ভারের (Stock) মূল্যহ্রাস ঘটিয়ে 32,000 টাকা ধরা হবে; যন্ত্রপাতির (Plant) 6,300 টাকা অবচয় ধার্য হবে এবং গৃহসম্পত্তির (Premises) 25,000 টাকায় পুনর্মূল্যায়ন করা হবে। খাতকদের (Debtors) জন্য 2½% সংচিতি করা হবে।

(গ) যেহেতু নতুন অংশীদার সুনাম বাবদ কোনো অর্থ প্রদান করতে অপারগ সেহেতু 30,000 টাকা মূল্যে সুনাম হিসাব কারবারের হিসাব বইতে দেখাতে হবে।

তুমি জাবেদা দাখিলাগুলি দেখাও এবং ভবিষ্যতে অংশীদারদের লাভ-ক্ষতির ভাগ করার অনুপাত হিসাব করে দেখাও। নতুন অংশীদারির উদ্বর্তপত্র প্রস্তুত করো। ২০

১২। অর্কিড, টিউলিপ এবং জারবেরা অংশীদার হিসাবে $^1/_2$, $^1/_3$ এবং $^1/_6$ অনুপাতে লাভ-ক্ষতি বণ্টন করে। তাদের 31.03.2020 তারিখের উদ্বর্তপত্রটি নিম্নরূপ ঃ

| Liabilities | | ₹ | Assets | | ₹ |
|---|---|---|---|---|---|
| *Capital Accounts* : | | | Land and Building | | 80,000 |
| Orchid | 1,20,000 | | Plant and Machinery | | 30,000 |
| Tulip | 60,000 | | Motor Cars | | 12,000 |
| Gerbera | 40,000 | 2,20,000 | Stock | | 56,000 |
| Loan from Orchid | | 20,000 | Debtors | 60,000 | |
| Creditors | | 40,000 | *Less* : Provision | 6,000 | 54,000 |
| | | | Cash at Bank | | 48,000 |
| | | **2,80,000** | | | **2,80,000** |

31শে মার্চ, 2020 তারিখে অর্কিড অবসর গ্রহণ করল এককভাবে কারবার করার উদ্দেশ্যে এবং টিউলিপ ও জারবেরা সমান অংশীদার হিসাবে কারবারটি চলমান রাখল। এই অনুমোদিত হল যে অর্কিড কারবারের কিছু যন্ত্রপাতি (Plant and Machinery) 7,500 টাকা মূল্যের এবং একটি গাড়ি 5,000 টাকা হিসাব মূল্যে গ্রহণ করবে।

এও অনুমোদিত হল যে নিম্নলিখিত সমন্বয়সাধন 31শে মার্চ 2020-র উদ্বর্তপত্রে করতে হবে ঃ

(ক) জমি ও অট্টালিকা 1,00,000 টাকায় এবং যন্ত্রপাতি (যেটি অর্কিড গ্রহণ করেছে সেটি সমেত) 25,000 টাকায় পুনর্মূল্যায়ন করতে হবে।

(খ) কু-ঋণের ভবিষ্যনিধি 1,500 টাকা বাড়ানো হবে।

(গ) একটি সম্ভাব্য ক্ষতিপূরণের দাবি 2,500 টাকা যা উত্তমর্ণের (Creditors) মধ্যে ধরা আছে তার প্রয়োজন নেই।

(ঘ) সম্ভার 4,000 টাকা কমাতে হবে।

সুনামের মোট মূল্য 1,80,000 টাকা অনুমোদিত হল। যেহেতু অর্কিড বর্তমান কারবারের কিছু খরিদ্দারদের নিজের কাছে রাখল সেহেতু সুনামের আনুপাতিক অংশ তাকে ক্রয় করতে হবে 60,000 মূল্যের বিনিময়ে। টিউলিপ এবং জারবেরা স্থির করল সুনাম বাবদ কোনো মূল্য নতুন কারবারের হিসাব বইতে প্রদর্শিত হবে না এবং তজ্জন্য প্রয়োজনীয় দাখিলা অংশীদারদের মূলধন হিসাবের মধ্যে সম্পন্ন হবে। অর্কিডের প্রাপ্য অর্থ তার Loan হিসাবে স্থানান্তরিত হবে।

তোমাকে (অ) পুনর্মূল্যায়ন হিসাব, (আ) অংশীদারদের মূলধনের হিসাব, (ই) নতুন কারবারের প্রারম্ভিক উদ্বর্তপত্র প্রস্তুত করতে হবে। ২০

## [ English Version ]

*The figures in the margin indicate full marks.*

### Group - A

Answer ***any four*** questions.

**1.** Universal Limited has its head office in Kolkata and a branch at Haldia. All purchases are made by Head Office and goods sent to the branch are invoiced at cost plus 25 per cent. All cash received by branch is deposited to the Head Office account in Haldia Branch of the Head Office's bank. The Branch maintains a Sales Ledger and other necessary subsidiary books; but all other Branch transactions are recorded in the Head Office books.

The following informations pertaining to the Branch has been collected for the year ended December 31, 2019 :

| | ₹ |
|---|---|
| Stock at Branch (01.01.2019) (Cost Price) | 96,000 |
| Stock at Branch (31.12.2019) (Cost Price) | 80,000 |
| Goods received from Head Office (Invoice Price) | 3,80,000 |
| Cash Sales | 2,16,000 |
| Credit Sales | 1,72,000 |
| Discount allowed to customers | 4,000 |
| Bad debts written off | 2,000 |
| Branch expenses paid | 22,800 |
| Branch Debtors (01.01.2019) | 1,000 |
| Branch Debtors (31.12.2019) | 3,000 |

In the books of Head Office, prepare the Haldia Branch Account. 10

**2.** Gupta & Co. Ltd. which sells a patent product on hire-purchase terms, has the following balances as on the dates mentioned below :

| | | ₹ |
|---|---|---|
| 2019 January 01 | Stock out on hire at Hire-Purchase Price | 60,000 |
| | Stock in hand (at the Shop) | 10,000 |
| | Instalment due (Customers still paying) | 6,600 |
| 2019 December 31 | Stock out on hire at Hire-Purchase Price | 40,000 |
| | Stock in hand (at the Shop) | 14,000 |
| | Instalment due (Customers still paying) | 7,200 |

Prepare the Hire-Purchase Trading Account in the books of Gupta & Co. Ltd. for the year ending on 31.12.2019, if cash of ₹ 70,000 is received during the year by way of Instalment and gross profit rate is $33\frac{1}{3}\%$ on selling price. 10

**3.** Ramesh & Sons of Kolkata has a departmental store with two departments P and Q. From the following particulars prepare a Departmental Trading and Profit & Loss Account for the year ended 31.12.2019. 10

| **Particulars** | **Department P** ( ₹ ) | **Department Q** ( ₹ ) |
|---|---|---|
| Stock as on 01.01.2019 | 40,000 | 25,000 |
| Purchase | 2,50,000 | 2,00,000 |
| Salaries | 60,000 | 45,000 |
| Wages | 30,000 | 30,000 |
| Sales | 4,50,000 | 3,50,000 |
| Other expenses | 10,000 | 10,000 |
| Machinery | 2,00,000 | 2,00,000 |
| Stock as on 31.12.2019 | 35,000 | 40,000 |

*Other information* :

(a) Total administrative expenses ₹ 10,000 to be distributed in sales ratio

(b) General electricity expenses ₹ 20,000

(c) Department P and Q have light points 20 and 30 respectively

(d) Rate of Depreciation on Machinery @20% p.a.

**4.** (a) Discuss the objectives of preparation of departmental accounts.

(b) How would you allocate the following indirect expenses between different departments?

(i) Purchase Manager's salary

(ii) Insurance on machinery

(iii) Carriage outward

(iv) Discount received

(v) Depreciation on building.

5+5

**5.** (a) What are the advantages of using investment ledger?

(b) What do you understand by cum-interest and ex-interest purchases and sales of investments? 5+5

**6.** On 1st January, 2019 Garfield Investment Trust held as investment ₹ 30,000; 8% Government Stock costing ₹ 25,000. On 1st March, 2019 ₹ 12,000 of stock was purchased @ ₹ 91 ex-interest. On 15th June, 2019 ₹ 5,000 stock was sold @ ₹ 93 cum-interest. On 1st August, 2019 ₹ 8,000 stock was purchased @ ₹ 90 ex-interest. On 1st September, 2019 ₹ 4,000 stock was sold @ ₹ 94 ex-interest. Interest being payable on 31st March and 30th September each year.

Prepare Investment Account for the year ended 31.12.2019 assuming Average Cost Method was followed for valuation of closing investments. 10

**7.** Mahim and Rahim sold their partnership business to a limited company. The position of their business on 31st December, 2020 was as follows :

| | ₹ |
|---|---|
| Cash | 500 |
| Book Debts | 35,000 |
| Stock | 20,000 |
| Plant & Machinery | 14,500 |

Liabilities amounted to ₹ 10,000. The partners used to share profits and losses as 3 : 2 and their capitals also stood in the business on the date of Balance Sheet in the same proportion. The newly formed limited company agreed to takeover the assets of the partnership firm excepting the cash balance and to discharge the purchase consideration. The capital of the company consisted of 10000 preference shares of ₹ 25 each and 25000 equity shares of ₹ 10 each. The purchase consideration was determined on the following basis :

(a) Book Debts ₹ 34,500; (b) Stock ₹ 19,000; (c) Plant & Machinery ₹ 14,000 and the purchase consideration was to be satisfied by issuing (i) 1000 preference shares fully paid up (ii) 2000 equity shares fully paid up and (iii) the balance in cash.

The company issued the balance preference shares and 15000 equity shares to the public and the amount was fully realised.

You are required to close the books of the partners. (Assume that shares were issued to the vendors and the balance of purchase consideration was paid in cash) 10

**8.** (a) *A* and *B* are partners sharing profits and losses in the ratio of their effective capital. They had respectively ₹ 1,00,000 and ₹ 60,000 in their Capital Accounts as on 01.01.2019. *A* introduced a further capital of ₹ 10,000 on 01.04.2019 and another ₹ 5,000 capital he introduced on 01.07.2019. On 30.09.2019, he withdrew ₹ 40,000 from his Capital Account. *B* introduced further capital of ₹ 20,000 on 01.04.2019. Profits for the year ended 31.12.2019 were ₹ 34,275.

Calculate effective capital ratio and determine the profits to be shared by each partner.

(b) What is the concept of profit prior to incorporation in accounting for acquisition of a business? How this profit is treated in such accounting? 5+5

## Group - B

Answer ***any two*** questions.

**9.** (a) Why in partnership accounting assets are revalued at the time of admission of a partner?

(b) What are the occasions where goodwill of a firm is required to be valued?

(c) Discuss the different ways to treat goodwill at the time of –

(i) admission of a partner and

(ii) retirement of a partner. 5+5+10

**10.** Amal and Bimal were in equal partnership. Their Balance Sheet stood as follows on the 31st December, 2019, the date of dissolution :

| Liabilities | ₹ | Assets | ₹ |
|---|---|---|---|
| Creditors | 4,80,000 | Plant and Machinery | 1,60,000 |
| Bimal's Capital | 60,000 | Furniture and Fittings | 50,000 |
| | | Debtors | 60,000 |
| | | Stock | 1,20,000 |
| | | Cash | 25,000 |
| | | Amal's Capital | 1,25,000 |
| | **5,40,000** | | **5,40,000** |

On dissolution, the assets realised as under :

| | |
|---|---|
| Plant and Machinery | ₹ 80,000 |
| Furniture and Fittings | ₹ 15,000 |
| Debtors | ₹ 45,000 |
| Stock | ₹ 25,000 |

Realisation expenses amounted to ₹ 26,000. Bimal's private estate is not sufficient even to meet his private debts whereas in Amal's private estate there is a surplus of ₹ 16,000 only.

Give necessary Accounts to close the books of the firm. 20

**11.** Bijoy and Nilay share profits in a partnership business respectively as 60% and 40%. Their Balance Sheet as at 31st March, 2020 given as under :

| Liabilities | | ₹ | Assets | ₹ |
|---|---|---|---|---|
| Creditors | | 40,000 | Cash at bank | 2,000 |
| *Capital Accounts* : | | | Debtors | 25,000 |
| Bijoy | 60,000 | | Stock | 40,000 |
| Nilay | 30,000 | 90,000 | Plant | 43,000 |
| | | | Premises | 20,000 |
| | | **1,30,000** | | **1,30,000** |

**Please Turn Over**

They admit Dhiman as new partner on the following terms :

(a) Dhiman will pay ₹ 20,000 as his capital for 40% of the future profits of the firm.

(b) Before his joining in the firm, Stock value was to be reduced to ₹ 32,000, Plant was to be depreciated by ₹ 6,300 and Premises were to be revalued at ₹ 25,000. A reserve of 2½% was to be raised against Debtors.

(c) As the new partner is unable to bring any cash for his share in the goodwill, so goodwill account was to be raised in the books for ₹ 30,000.

Show the journal entries and give the calculation of future profit sharing ratio. Prepare the new Balance Sheet after the admission of new partner. 20

**12.** Orchid, Tulip and Gerbera share profits and losses as $^1/_2$, $^1/_3$ and $^1/_6$ as partners. Their Balance Sheet as at 31st March, 2020 stood as follows :

| **Liabilities** | | ₹ | **Assets** | | ₹ |
|---|---|---|---|---|---|
| *Capital Accounts* : | | | Land and Building | | 80,000 |
| Orchid | 1,20,000 | | Plant and Machinery | | 30,000 |
| Tulip | 60,000 | | Motor Cars | | 12,000 |
| Gerbera | 40,000 | 2,20,000 | Stock | | 56,000 |
| Loan from Orchid | | 20,000 | Debtors | 60,000 | |
| Creditors | | 40,000 | *Less* : Provision | 6,000 | 54,000 |
| | | | Cash at Bank | | 48,000 |
| | | **2,80,000** | | | **2,80,000** |

Orchid retired on 31st March, 2020 to commence business individually, and Tulip and Gerbera continued in partnership sharing profits and losses equally. It was agreed that Orchid should takeover certain Plant and Machinery valued at ₹ 7,500 and one of the firm's cars at the book value of ₹ 5,000. It was further agreed that the following adjustments should be made in the balance sheet as on 31st March, 2020 :

(i) Land and Building to be revalued at ₹ 1,00,000 and Plant & Machinery (inclusive of that taken by Orchid) at ₹ 25,000.

(ii) The provision for doubtful debts should be increased by ₹ 1,500.

(iii) A provision of ₹ 2,500 included in creditors for claim for damages was no longer required.

(iv) The stock should be reduced by ₹ 4,000.

The total value of goodwill was agreed at ₹ 1,80,000. In view of the fact that Orchid intended to retain some of the customers of the firm, the proportion of goodwill to be purchased by him was ₹ 60,000. Tulip and Gerbera decided that goodwill should not appear in the books of the new partnership and necessary adjustments should be made through the capital accounts of the partners. The amount due to Orchid to be transferred to his Loan Account.

You are required to prepare (a) Revaluation Account, (b) Capital Accounts of the partners, (c) Opening Balance sheet of the new firm. 20